দৈনিক ইত্তেফাক
4 MAY 2017

# এসএসসি ও সমমানের ফল প্রকাশ আজ

■ ইত্তেফাক রিপোর্ট

আজ বৃহস্পতিবার মাধ্যমিক (এসএসসি ও সমমান) পরীক্ষার ফল প্রকাশিত হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাস নাহিদ বেলা সাড়ে ১২টায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করবেন। এর আগে সকাল ১০টার দিকে শিক্ষামন্ত্রী বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের সার-সংক্ষেপ হস্তান্তর করবেন।

এবার মাধ্যমিকে ১৭ লাখ ৮৬ হাজার ৬১৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে আট বোর্ডের অধীনে এসএসসিতে ১৪ লাখ ২৫ হাজার ৯০০ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে ২ লাখ ৫৬ হাজার ৫০১ ও এসএসসি ভোকেশনালে (কারিগরি) এক লাখ ৪ হাজার ২১২ পৃষ্ঠা ১৯ কলাম ১

## এসএসসি ও সমমানের

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে।

গত ২ ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। তাত্ত্বিক বা লিখিত পরীক্ষা শেষ হয় ২ মার্চ। ব্যবহারিক পরীক্ষা ৪ মার্চ শুরু হয়ে শেষ হয় ১১ মার্চ।

**যেভাবে ফল পাওয়া যাবে**

সংবাদ সম্মেলনের পর শিক্ষার্থীরা বিভিন্ন মাধ্যমে ফল জানতে পারবেন। নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট ছাড়াও www.educationboardresults.gov.bd ঠিকানায় ফলাফল পাওয়া যাবে। মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে।

**মোবাইলে এসএমএস-এ ফলাফল পাওয়ার নিয়ম**

**সাধারণ শিক্ষাবোর্ডের জন্য:** SSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম ৩ অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে পাসের বছর লিখে পাঠাতে হবে 16222 নম্বরে। উদাহরণ স্বরূপ SSC DHA 123456 2017 পাঠিয়ে দিন 16222 নম্বরে।

**মাদ্রাসা শিক্ষা বোর্ডের জন্য:** Dakhil লিখে স্পেস দিয়ে বোর্ড এর নামের প্রথম ৩ অক্ষর লিখে আবার স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে পাসের সন লিখে পাঠাতে হবে 16222 নম্বরে। উদাহরণ স্বরূপ Dakhil MAD 123456 2017 পাঠিয়ে দিন 16222 নম্বরে।

**এসএসসি ভোকেশনালের জন্য:** SSC লিখে স্পেস দিয়ে বোর্ড-এর নামের প্রথম ৩ অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে পাসের সন লিখে পাঠাতে হবে 16222 নম্বরে। উদাহরণ স্বরূপ: SSC TEC 123456 2017 পাঠিয়ে দিন 16222 নম্বরে।

**৫ থেকে ১১ মে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন**

এসএসসি বা সমমানের পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আগামী ৫ থেকে ১১ মে পর্যন্ত আবেদন করা যাবে। টেলিটক প্রি-পেইড মোবাইল দিয়ে ফল যাচাই করার আবেদন করা যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর